আনন্দবাজার পত্রিকা
খেলা
কলকাতা বৃহস্পতিবার ৩ মার্চ ২০২২
XXCE

আজ | আইএসএলে চেন্নাইয়িন বনাম এটিকে মোহনবাগান। **সন্ধে ৭.৩০** থেকে। স্টার স্পোর্টস টু চ্যানেলে

সচিনকে টপকাবে বিরাট

একশো সেঞ্চুরির রেকর্ড ভাঙবেন কোহলি, একান্ত সাক্ষাৎকারে ঘোষণা শাস্ত্রীর ১৪

এক নজরে

বিরাট নেই প্রথম দশে, শ্রেয়স ১৮

টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ে প্রথম দশের বাইরে চলে গেলেন বিরাট কোহলি। বুধবার আইসিসি যে র‍্যাঙ্কিং তালিকা প্রকাশ করেছে, সেখানে প্রাক্তন ভারত অধিনায়ক রয়েছেন ১৫ নম্বরে। প্রথম দশে একমাত্র রয়েছেন কে এল রাহুল। তেরো নম্বরে রয়েছেন রোহিত শর্মা। সদ্যসমাপ্ত শ্রীলঙ্কার বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজে ভাল খেলার সুবাদে ১৮ নম্বরে উঠেছেন শ্রেয়স আয়ার।

মার্শ নিয়ে উদ্বেগ

প্রাক্তন অস্ট্রেলীয় উইকেটকিপার রডনি মার্শকে নিয়ে কাটেনি দুশ্চিন্তা। গত সপ্তাহে হৃদরোগে আক্রান্ত হওয়ার পরে কোমায় চলে গিয়েছেন তিনি। ৭৪ বছরের এই প্রাক্তন ক্রিকেটারকে জরুরি ভিত্তিতে অ্যাডিলেডের হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। তাঁর পুত্র পল এদিন বলেছেন, "পরিস্থিতি উদ্বেগজনক হলেও বাবার অবস্থা আপাতত স্থিতিশীল। উনি কখন কোমা থেকে বেরিয়ে আসবেন, তার অপেক্ষায় আমরাও রয়েছি।"

পালকের স্বপ্ন

টোকিয়ো প্যারালিম্পিক্সে তিনি প্রত্যাশা পূরণ করতে পারেননি। ভারতের মহিলা প্যারা ব্যাডমিন্টন খেলোয়াড় পালক কোহলি তাই পাখির চোখ করেছেন প্যারিস প্যারালিম্পিক্সকে। তিনি বলেছেন, "পদক না পেলেও টোকিয়োর অভিজ্ঞতা খারাপ ছিল না। তবে সেই ব্যর্থতা থেকে শিক্ষা নিয়ে নতুন ভাবে নিজেকে তৈরি করছি। প্যারিস প্যারালিম্পিক্স থেকে পদক নিয়ে আসতেই হবে।"

খেলবেন রাফা

প্রিয় ফরাসি ওপেনের প্রস্তুতি নিতে আগামী মাসে বার্সেলোনা ওপেন টেনিসে খেলবেন রাফায়েল নাদাল। বুধবার আয়োজকদের পক্ষ থেকে সেই খবর জানানো হয়েছে। এ বার বার্সেলোনার ক্লে-কোর্টে জিতলে স্পেনীয় তারকা মোট তেরোবার চ্যাম্পিয়ন হবেন। প্রতিযোগিতার ডিরেক্টর দাভিদ ফেরের বলেছেন, "রাফা খেললে এই প্রতিযোগিতার ঔজ্জ্বল্য অনেক বেড়ে যাবে। ওর থেকে আমরা আবারও দুর্দান্ত টেনিস দেখতে চাই।" ১৬ এপ্রিল থেকে শুরু প্রতিযোগিতা।

ভক্তদের দাবি

পরিবারের সঙ্গে সময় কাটাবেন বলে আইপিএলে খেলবেন না বলে জানিয়ে দিয়েছেন ইংল্যান্ডের ব্যাটার জেসন রয়। তাঁর পরিবর্ত হিসেবে গুজরাত টাইটান্স দলে অভিজ্ঞ সুরেশ রায়নাকে নেওয়ার জন্য দাবি উঠতে শুরু করেছে। এ বারের নিলামে রায়না কোনও দল পাননি। গণমাধ্যমে গুজরাত দলের ভক্তরা রায়নাকে নেওয়ার অনুরোধ জানিয়েছেন।

ভারতের সফর

জুন মাসে আয়ারল্যান্ডের বিরুদ্ধে দুটি টি-টোয়েন্টি ম্যাচ খেলবে ভারতীয় দল। দুটি ম্যাচ হবে ২৬ এবং ২৮ জুন। বুধবার সেই খবর জানিয়েছে আইরিশ ক্রিকেট সংস্থা। দ্বিতীয় সারির দল পাঠানো হবে। ওই সময় ভারত গত বছর ইংল্যান্ডে বাতিল হয়ে যাওয়া পঞ্চম টেস্ট খেলবে। তাই বিরাট কোহলি, যশপ্রীত বুমরাদের পাওয়া যাবে না।

মরিয়া পিএসজি

যে কোনও মূল্যে ফরাসি তারকা কিলিয়ান এমবাপেকে ধরে রাখতে মরিয়া প্যারিস সাঁ জারমাঁ। বুধবার ফ্রান্সের একটি সংবাদপত্র জানিয়েছে, তাঁকে প্রত্যেক সপ্তাহে আট কোটি টাকা দেওয়া হবে, এমন প্রস্তাব দিয়ে নতুন ভাবে দুই বছরের চুক্তির প্রস্তাব দেওয়া হয়েছে।

দুই ফুটবলার শহিদ, বিক্রির রাস্তায় চেলসি

নিজস্ব প্রতিবেদন

২ মার্চ: রাশিয়ার আগ্রাসনের বিরুদ্ধে মাতৃভূমিকে রক্ষা করতে যুদ্ধক্ষেত্রে প্রাণ দিলেন ইউক্রেনের দুই ফুটবলার। ২১ বছরের ভিতালি সাপিলো এবং ২৫ বছরের দিমিত্রো মার্তিনেঙ্কো শহিদ হলেন রুশ বোমারু বিমানের আঘাতে।

ভয়ঙ্কর এই যুদ্ধে ভিতালিরাই ফুটবলারদের মধ্যে প্রথম শহিদ। গ্লোবাল প্লেয়ার্স অ্যাসোসিয়েশন (ফিফপ্রো)বুধবার মর্মান্তিক এই খবর জানিয়েছে। প্রয়াত সাপিলো ছিলেন গোলরক্ষক। খেলতেন ইউক্রেনের তৃতীয় ডিভিশন ক্লাব কারপাতি লেভিভের যুব দলে। সেনাবাহিনীতে যোগ দেন 'ট্যাঙ্ক-কম্যান্ডার' হিসেবে।

শুক্রবার রাজধানী কিভের রাজপথে সাপিলো রুশ সেনার সঙ্গে মুখোমুখি যুদ্ধে প্রাণ দেন। তাঁর ক্লাব গণমাধ্যমে সাপিলোকে 'বীর' হিসেবে বর্ণনা করেছে। প্রয়াতের বাবা রোমান সাপিলো এক জার্মান পত্রিকার সাংবাদিককে বলেছেন, "ওর মতো হাসিখুশি ছেলে খুঁজে পাওয়া দুর্লভ। সারাক্ষণ সবার সঙ্গে মজা করে বেড়াত। হিংস্র পুতিনই আমাদের থেকে ভিতালিকে কেড়ে নিল।" পুত্রের বীরত্বে গর্বিত পিতার সংযোজন, "মৃত্যু অবধারিত জেনেও ভিতালি যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যায়নি।"

২৫ বছরের মার্তিনেঙ্কো শেষ বার খেলেছিলেন ইউক্রেনের দ্বিতীয় ডিভিশন ক্লাব এফসি গোস্তোমেলে। কিভে রুশদের ফেলা বোমায় ধ্বংস হয়ে যায় তাঁদের বহুতল। মৃত্যু হয়েছে তাঁর মায়েরও।

এর আগে পেশাদার স্কিয়ার ইভহেন মালিশেভও প্রাণ দেন পুতিন-বাহিনীর আগ্রাসনের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে। ইতিমধ্যে রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে যোগ দিয়েছেন বেশ কয়েক জন ইউক্রেনীয় খেলোয়াড়। যাঁদের অন্যতম হেভিওয়েট বক্সার ভ্লাদিমির ক্লিচকো এং তাঁর ভাই ভিতালি।

সবাইকে চমকে দিয়ে সেনাবাহিনীতে নাম লিখিয়েছেন ৫৬ বছরের ইউক্রেনীয় ফুটবল ম্যানেজার ইউরি ভার্নিদাভও। যাঁর কোচিংয়ে শেরিফ তিরাসপোল ক্লাব চমকে দিয়েছিল চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ পর্যায়ের খেলায় ১৩ বারের খেতাবজয়ী রিয়াল মাদ্রিদকে সান্তিয়াগো বের্নাবাউয়ে ২-১ গোলে হারিয়ে। ইউরিদের মতোই ইউক্রেন রক্ষার লড়াইয়ে শামিল হয়ছেন বিশ্বের ৩১ নম্বর টেনিস খেলোয়াড় সের্গেই স্তাকোভস্কি। যিনি ২০১৩ সালে উইম্বলডনে রজার ফেডেরারকে হারিয়ে সাড়া ফেলেছিলেন।

■ **প্রস্তাব:** চেলসিকে বিক্রি করতে চান আব্রামোভিচ। *ফাইল চিত্র*

বিশ্ব ফুটবলমহল ভিতালিদের হারানোর শোকে মূহ্যমান হওয়ার পাশে প্রশ্ন তৈরি হয়েছে চেলসির ভবিষ্যৎ নিয়ে। রাশিয়ার ইউক্রেন আক্রমণের চরম পরিণতিতে আতঙ্কিত রুশ মালিক রোমান আব্রামোভিচ সম্ভবত ক্লাব বিক্রি করার দিকেই যাচ্ছেন। তেমনি চাঞ্চল্যকর দাবি করেছেন সুইস ধনকুবের হ্যান্সইয়োর্ড ভাইস। চেলসির মালিক স্বয়ং তাঁকে ইংল্যান্ডে নিজের সম্পত্তি কেনার প্রস্তাব দিয়েছেন। তাই চেলসির মালিকানা হস্তান্তরের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

সুইৎজ়ারল্যান্ডের সংবাদপত্র ব্লিক-কে তিনি বলেছেন, "আব্রোমোভিচ ইংল্যান্ডে নিজের সম্পত্তি বিক্রি করার চেষ্টা করছেন। চেলসির ঝামেলাও ঝেড়ে ফেলতে চান। মঙ্গলবারই আমার কাছে চেলসি কেনার প্রস্তাব এসেছে। শুনছি আব্রোমোভিচ এই মুহূর্তে অবিশ্বাস্য একটা দাম চেয়েছে।"

হ্যান্সইয়োর্ড যোগ করেছেন, "চেলসির কাছে ওর পাওনাই প্রায় ১৫ হাজার কোটি টাকা। অথচ এই মুহূর্তে ক্লাবের নিজস্ব অর্থই নেই। কোনও অবস্থায় একা ক্লাব কিনব না।"

এ দিকে, এভার্টন ক্লাবের সঙ্গে যুক্ত আর এক রুশ ধনকুবের আলিশের উসমানভের সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত নিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। তবে টেনিসবিশ্বে ক্রমশ দীর্ঘ হচ্ছে রুশ বিরোধী প্রতিবাদ। ইউক্রেনের মহিলা টেনিস তারকা এলিনা সোয়াইতোলিনা মঙ্গলবার মেক্সিকোর মন্তেরো টেনিসে কোর্টে নেমেছিলেন ইউক্রেনের জাতীয় পতাকার রঙের পোশাকে।

অনুশীলনে কড়া বার্তা কোচের

■ **মহড়া:** চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে আজ নামছে মোহনবাগান। অনুশীলনে কৃষ্ণ, জিঙ্ঘনরা। বুধবার। *টুইটার*

চেন্নাইয়িন আজ কৃষ্ণদের কাছে মরণ-বাঁচন ম্যাচ

নিজস্ব সংবাদদাতা

আশায় বাঁচেন ফেরান্দো!

কেরল ব্লাস্টার্স ও ওড়িশা এফসি-র বিরুদ্ধে প্রীতম কোটালদের ম্যাচ ড্রয়ের পরে অনেক সবুজ-মেরুন সমর্থকই হাল ছেড়ে দিয়েছিলেন এটিকে-মোহনবাগানের লিগ-শিল্ড জয়ের ব্যাপারে। কিন্তু কোচ জুয়ান ফেরান্দো আশা ছাড়েননি। বেঙ্গালুরুকে হারিয়ে তিনি বলেছিলেন, শেষের দিকে অঙ্ক বদলে যাবে।

মঙ্গলবার হায়দরাবাদের বিরুদ্ধে জামশেদপুর ৩-০ জেতার পরে বদলে গিয়েছে অঙ্কটা। ১৯ ম্যাচে ৩৫ পয়েন্ট নিয়ে দু'নম্বরে নেমে গিয়েছে নিজামের শহরের দল। আর ১৮ ম্যাচে ৩৭ পয়েন্ট নিয়ে এক নম্বরে জামশেদপুর। এই অবস্থায় বৃহস্পতিবার ফতোরদায় চেন্নাইয়িন এফসি-র বিরুদ্ধে খেলতে নামছেন রয় কৃষ্ণেরা। চেন্নাইকে হারালে শেষ ম্যাচে জামশেদপুরের বিরুদ্ধে দু'গোলের ব্যবধানে জিতলেই, ১৮ ম্যাচে ৩৪ পয়েন্ট নিয়ে তিন নম্বরে থাকা এটিকে-মোহনবাগান পেয়ে যাবে বহুকাঙ্খিত সেই লিগ-শিল্ড।

চেন্নাইয়িনের বৃহস্পতিবার জিতলেই টানা ১৫ ম্যাচ জিতে আইএসএলে এফসি গোয়ার (২০২০-২১ মরসুম) সব চেয়ে বেশি ম্যাচ জয়ের রেকর্ড স্পর্শ করবে ফেরান্দোর দল। ২০১৮-১৯ মরসুমে বেঙ্গালুরু এফসি-র ভারতীয় ফুটবলারেরা ২০ গোল করে রেকর্ড করেছিলেন। সেই রেকর্ডও স্পর্শ হবে এটিকে-মোহনবাগানের কোনও ভারতীয় গোল করলে। কারণ, লিস্টন কোলাসো-সহ সবুজ-মেরুনের ভারতীয়রা ইতিমধ্যেই ১৯ গোল করে ফেলেছেন।

ফেরান্দো এ সব নিয়ে মাথা ঘামাচ্ছেন না। বুধবার অনুশীলনে তিনি জনি, কৃষ্ণদের বলে দিয়েছেন, চেন্নাইয়িনের বিরুদ্ধে ম্যাচটাকে নকআউট মনে কর। জিতলে, জামশেদপুরের বিরুদ্ধে পরের নকআউট। আর সাংবাদিক সম্মেলনে এসে বলেন, "চেন্নাইকে হারানোই সব চেয়ে গুরুত্বপূর্ণ কাজ। অন্য কিছু ভাবতে চাই না।"

দল সূত্রে খবর, এ দিন গোটা দলই ছন্দে অনুশীলন করেছে। তবে হুগো বুমোস হালকা অনুশীলন করেন। অনুশীলন অনুযায়ী, গোল ও রক্ষণ অপরিবর্তিত থাকতে পারে। মাঝমাঠে লেনি রদ্রিগেস বা দীপক টাংরির সঙ্গে কার্ল ম্যাকহিউ। আক্রমণে মনবীর, জনি কাউকো, লিস্টন। স্ট্রাইকার কৃষ্ণের সম্ভাবনাই বেশি। না হলে ডেভিড উইলিয়ামসকেও তৈরি রাখা হচ্ছে। ফেরান্দোর স্বস্তি, সন্দেশ ছন্দে ফেরায় তাঁর রক্ষণ আগের চেয়ে অনেক পোক্ত। বিপক্ষ চেন্নাইয়িন টানা সাত ম্যাচ জয়হীন। দলে দেবজিৎ মজুমদার, রহিম আলিদের মতো বঙ্গসন্তান ভর্তি। প্রথম পর্বে এটিকে-মোহনবাগানকে ১-১ রুখে দিয়েছিলেন তাঁরা। তাও বিপক্ষকে সমীহ করছেন ফেরান্দো।

কিন্তু চেন্নাই ম্যাচে জেতার পরে তো জামশেদপুরের বিরুদ্ধে তিন পয়েন্ট চাই লিগ-শিল্ড হাতে তুলতে। তাও আবার দু'গোলের ব্যবধানে। যা শুনে রয় কৃষ্ণদের কোচ বলছেন, "কাজটা কঠিন। তবে আমরা যখন একটা দলের বিরুদ্ধে খেলতে নামি, তখন ২-৩ গোলে জেতার কথাই ভাবি। জামশেদপুরের বিরুদ্ধে আক্রমণাত্মকই খেলব। আর ওদেরও ওড়িশার বিরুদ্ধে খেলতে হবে। দেখা যাক।"

চারে উঠল কেরল: গত বারের চ্যাম্পিয়ন মুম্বই সিটি এফসি-কে দাপটের সঙ্গে হারিয়ে আইএসএলে প্রথম চার দলে ঢুকে পড়ল কেরল ব্লাস্টার্স। ১৯ ম্যাচে তাদের পয়েন্ট ৩৩। অন্য দিকে, এই ম্যাচ হারায় সমসংখ্যক ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে পাঁচে নামল মুম্বই। কেরলের হয়ে জোড়া গোল আলভারো ভাস্কুয়েসের। অপর গোলদাতা সাহাল আবদুল সামাদ। মুম্বইয়ের গোলদাতা দিয়েগো মউরিসিয়ো।

আত্মবিশ্বাসী মহমেডান: আই লিগে বৃহস্পতিবার আইজল এফসি-র বিরুদ্ধে খেলতে নামছে মহমেডান। প্রথম ম্যাচে সুদেবা এফসি-কে হারানোর পরে লিগ বন্ধ হয়ে গিয়েছিল করোনা সংক্রমণে। তার পরে কল্যাণী স্টেডিয়ামে বৃহস্পতিবার রাতে দ্বিতীয় ম্যাচ খেলতে নামছে মহমেডান। দলের চার বিদেশিই সুস্থ। আক্রমণে মার্কাস জোসেফকে রেখেই জয়ের ছক সাজাচ্ছে সাদা-কালো শিবির। দলের ম্যানেজার দীপেন্দু বিশ্বাস বলছেন, "প্রায় দু'মাস পরে খেলতে নামছি। প্রথম ১৫ মিনিট বিপক্ষকে দেখে নিয়ে জয়ের জন্য ঝাঁপাব।"

গ্রেড 'সি'-তে ঋদ্ধি, অবনমন পুজারাদের

নিজস্ব প্রতিবেদন

২ ফেব্রুয়ারি: ভারতীয় দলের কেন্দ্রীয় চুক্তিতে 'বি' গ্রেড থেকে 'সি' গ্রেডে নামিয়ে দেওয়া হল ঋদ্ধিমান সাহাকে। টেস্ট দল থেকে বাদ দেওয়ার পরে চুক্তি তালিকাতেও অবনতি হল বাংলার কিপারের। তবে শুধুমাত্র ঋদ্ধিই নন। তালিকায় অবনমন হয়েছে ইশান্ত শর্মা, অজিঙ্ক রাহানে, চেতেশ্বর পুজারারও।

গ্রেড 'এ' থেকে গ্রেড 'বি'-তে নামিয়ে দেওয়া হয়েছে রাহানে, পুজারা, ইশান্তকে। ঋদ্ধিকে নামিয়ে দেওয়া হয়েছে গ্রেড 'বি' থেকে গ্রেড 'সি'-তে। এমনকি গ্রেড 'এ' থেকে 'সি'-তে নামিয়ে দেওয়া হয়েছে হার্দিক পাণ্ড্যকেও।

গ্রেড 'এ+' থাকা ক্রিকেটারেরা পান বছরে সাত কোটি টাকা। 'এ', 'বি' ও 'সি' বিভাগে থাকা ক্রিকেটারেরা পান যথাক্রমে পাঁচ, তিন ও এক কোটি টাকা।

এখানেই শেষ নয়, শিখর ধওয়ন আপাতত ওয়ান ডে ক্রিকেটেই খেলছেন। তাঁকে রাখা হয়েছে 'বি' গ্রেডে। 'সি' গ্রেডে রাখা হয়েছে উমেশ যাদব, ভুবনেশ্বর কুমারকে।

তবে কেন্দ্রীয় চুক্তির তালিকায় উত্তরণ হয়েছে মহম্মদ সিরাজ, অক্ষর পটেল, শ্রেয়স আয়ারদের। 'সি' থেকে 'বি' বিভাগে উঠেছেন অক্ষর, শ্রেয়স ও সিরাজ। 'এ+'বিভাগে নিজেদের জায়গা ধরে রেখেছেন বিরাট কোহলি, রোহিত শর্মা ও যশপ্রীত বুমরা। 'এ' বিভাগে নিজেদের জায়গা ধরে রেখেছেন মহম্মদ শামি, ঋষভ পন্থ, রবীন্দ্র জাডেজা, কে এল রাহুল এবং আর অশ্বিন। টিম ম্যানেজমেন্ট ও কোচ চান, আগামী প্রজন্মের উপরেই নজর দেওয়া হোক। তাই সিরাজদের উন্নতি ঘটেছে কেন্দ্রীয় চুক্তিতে।

একই দিনে ভারতীয় বোর্ডের ঘোষণা করেছে, ক্রিকেট অপরেশনস জেনারেল ম্যানেজার পদে নিয়োগ করা হল অ্যাবে কুরুভিল্লাকে। গত বছরের ডিসেম্বর পর্যন্ত জাতীয় নির্বাচক হিসেবে কাজ করেছেন তিনি। এ বার নতুন দায়িত্বে নিয়ে এসে সম্মানিত করা হল তাঁকে। ভারতের হয়ে ১০টি টেস্ট খেলেছেন প্রাক্তন পেসার। রয়েছে ২৫টি উইকেট। ওয়ান ডে ক্রিকেটেও খেলেছেন ২৫টি। সেখানেও ২৫ উইকেটের মালিক। প্রথম শ্রেণির ক্রিকেটে ২৯০ উইকেট রয়েছে কুরুভিল্লার। নতুন দায়িত্ব পেয়ে আপ্লুত প্রাক্তন পেসারও।

২৫ শতাংশ দর্শকের অনুমতি আইপিএলে

নিজস্ব প্রতিবেদন

২ মার্চ: মহারাষ্ট্র সরকার বুধবার জানিয়েছে ২৫ শতাংশ দর্শককে প্রবেশাধিকার দেওয়া হবে আইপিএলে। ২৬ মার্চ থেকে পুণে ও মুম্বইয়ে শুরু হতে চলেছে দশ দলের আইপিএল। দু'টি প্রতিষেধক নেওয়া ক্রিকেটপ্রেমীরাই মাঠে বসে খেলা উপভোগ করতে পারবেন।

বুধবার সন্ধেয় মহারাষ্ট্র সরকারের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়, কোভিড আক্রান্তের সংখ্যা বর্তমানে অনেকটাই কম। তাই ২৫ শতাংশ দর্শককে প্রবেশাধিকার দিতে তাদের কোনও সমস্যা নেই। অবশ্যই প্রতিষেধক নিতে হবে প্রত্যেককে। গেটেই দেখে নেওয়া হবে প্রত্যেকের প্রতিষেধকের প্রমাণপত্র।

ভারতীয় বোর্ডের সঙ্গেও বুধবার বৈঠক হয়েছে মহারাষ্ট্র সরকারের। মুম্বই ক্রিকেট সংস্থা ও মহারাষ্ট্র ক্রিকেট সংস্থার কর্তারা সেই বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠক শেষে আদিত্য ঠাকড়ে গণমাধ্যমে লিখেছেন, "আইপিএল সুষ্ঠু ভাবে আয়োজন করার উদ্যোগে আজ বৈঠকে বসেছিলাম ভারতীয় বোর্ডের সঙ্গে। পুণের বিষয় নিয়ে কথা বলতেও আরও একটি বৈঠক ডাকা হবে। আমরা ঠিক করেছি যে এ বার দেশের বাইরে আইপিএল নয়, দেশেই হোক এই প্রতিযোগিতা। ভারত ও মহারাষ্ট্রের কাছে এই প্রতিযোগিতা আয়োজন করা বিরাট এক প্রাপ্তি। আর্থিক উন্নতির সঙ্গেই সামাজিক উন্নতির পথও দেখাবে আইপিএল।"

মহারাষ্ট্রে পাঁচটি মাঠ জুড়ে ক্রিকেটারেরা অনুশীলন করবেন। ১৪-১৫ মার্চ থেকে পুরোদমে শুরু হয়ে যাবে প্রস্তুতি। পাঁচটি মাঠের মধ্যে রয়েছে বান্দ্রা কুরলা কমপ্লেক্স, থানের এমসিএ মাঠ, ডি ওয়াই পাটিল বিশ্ববিদ্যালয় মাঠ, ক্রিকেট ক্লাব অব ইন্ডিয়া ও রিলায়েন্স করপোরেট পার্ক মাঠ। মার্চের ৮ তারিখ থেকে প্রত্যেক দলের ক্রিকেটারেরা মুম্বই আসতে শুরু করবেন। তিন থেকে পাঁচ দিনের কোয়রান্টিনে থাকতে হবে প্রত্যেককে।

GOVERNMENT OF WEST BENGAL

COOCH BEHAR ZILLA PARISHAD COOCH BEHAR

Memo No. 457/CZP/BAY/22 Date: 28.02.2022

Notice for Cancellation of Advertisement i.c.w. Engagement on Contractual Basis

The Notice issued vide Memo No. 980/CZP/BAY/2016 dt. 14.03.2018 for engagements to the posts of District Training Coordinator and Technical Assistant at District Level stands cancelled.

This is for information of all concerned.

Sd/-
Executive Officer
Cooch Behar Zilla Parishad

পূর্ব রেলওয়ে

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া নিম্নলিখিত কাজের জন্য সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা যে কোনও সরকার অধীনস্থ সংস্থার সাথে রেজিস্টার্ড সহ সমপ্রকৃতির কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক ক্ষমতা আছে এরূপ টেন্ডারদাতাদের থেকে অনলাইনে ই-টেন্ডার আহ্বান করছেনঃ যাঁর অধীনে কাজ করতে হবেঃ সিনিয়র ডিইএন/৩/এইচডব্লুএইচ। **ই-টেন্ডার নংঃ ১৩১_২০২১-২২(সিনিয়র ডিইএন/৩/এইচডব্লুএইচ), কাজের বিবরণঃ** এইএন/এনডিএই-র অধীনে প্রিকাস্ট আরসিসি বক্স সহ অতিরিক্ত ওপেনিংয়ের ব্যবস্থা দ্বারা কালিনগরে ব্রিজ নং ৯২ (১ x ২.৫ মি.)-এর পুনর্নির্মাণ। **আনুমানিক ব্যয়ঃ** ৪,৯৬,১৯,৫১৮.২২ টাকা। **বায়নামূল্যঃ** ৩,৯৮,১০০ টাকা। **কাজ সম্পূর্ণ করার সময়সীমাঃ** স্বীকৃতি পত্র ইস্যুর তারিখ থেকে ১২ মাস। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ঃ** ৩১.০৩.২০২২ তারিখ দুপুর ২টো। টেন্ডারের বিস্তারিত বিবরণ www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। কোনও ম্যানুয়াল অফার গৃহীত হবে না। HWH-269/2021-22

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
Eastern Railway Headquarter

Eastern Zonal Cultural Centre
(Ministry of Culture, Govt. of India)
Bharatiyam Cultural Multiplex
IB-201, Sector-III, Salt Lake, Kolkata-700106
Ph.: (033) 2335-3093/6796/6797, Fax: 033-23350262

Notice Inviting e-Tender No.-1

E-Tenders are invited from agencies for purchasing of light and sound system at Purbashree Auditorium, Aikatan Auditorium and Ranagamancha at Eastern Zonal Cultural Centre, Salt Lake City, Kolkata-700106. E-Tenders will be published on **03.03.2022** at **https://www.tenderwizard.com/MOC.** Details will be given on the above site.

Director
EZCC

আনন্দবাজার পত্রিকা
পত্রিকা
প্রতি শনিবার

West Bengal Forest Development Corporation Limited
(A Government of West Bengal Undertaking)
Office of the Divisional Manager, Kolkata Forest Corporation Division
Arnaya Bikash, KB- 19, Sector - III, Salt Lake City, Kolkata - 700 106
Phone - 033-23350064 & Fax - (033) 23355203, email - kfcd@wbfdc.com

SEALED TENDER NO: 47/17-59/SLR/KFCD/2021-22

Sealed Tenders are invited from the bonafied timber merchants/purchaser for purchase of scantlings & Sawn Timbers kept at Salt Lake Timber Go-Down under Kolkata Forest Corporation Division in the form of depot lots. The tender documents can be downloaded from our website : www.wbfdc.com or www.wbfpms.com

Last date for tender submission is 10.03.2022.

For further information please contact the office of the undersigned.

Sd/-
Divisional Manager
Kolkata Forest Corporation Division

ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া
পোর্টস, শিপিং এবং ওয়াটারওয়েজ মন্ত্রক, ভারত সরকার
পি-৭৮, গার্ডেন রিচ রোড, কলকাতা-৭০০০৪৩
ইস্যুকারী অফিসারের ই-মেল ঠিকানা: dirkol.iwai@nic.in

টেন্ডার নং আইডব্লুএআই/কল/এমএম/২৩/২১-২২/গুয়াহাটি ভেসেলস/০১

আইডব্লুএআই কর্তৃক "হাওড়া/কলকাতায় সিএসডি আইডি-IV-এর মেরামত"-এর জন্য ই-টেন্ডার আহ্বান করা হইতেছে। বিস্তারিত বিবরণ নিম্নোক্তমতো: **অনুমিত ব্যয়: টাঃ ৮,৪৭,৪৫৮/- (জিএসটি বাদে),** ই-টেন্ডার ডাউনলোডিং-এর তারিখ: **০২.০৩.২০২২ হইতে ১০.০৩.২০২২।** ই-টেন্ডার দাখিলের শেষ তারিখ: **১০.০৩.২০২২** বেলা ৩.০০টা পর্যন্ত। খোলার তারিখ: **১১.০৩.২০২২ বেলা ৩.৩০টায়।** বিস্তারিত বিবরণের জন্য দেখুন আইডব্লুএআই ওয়েবসাইট **www.iwai.nic.in** এবং সিপিপি পোর্টাল **https://eprocure.gov.in/eprocure/app**

ডিরেক্টর

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India

রিজিওনাল অফিস: কলকাতা নর্থ
৫ম তল, ৩৩ এন. এস. রোড, কলকাতা – ৭০০ ০০১
এম. নং – ৯১-৮৩৩৬৯৯০২৫৯
ই মেল: recoverykolknro@centralbank.co.in

"পরিশিষ্ট-IV-এ" [রুল ৮(৬)-এর বিধানাবলি দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য সেল নোটিস

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল ২০০২-এর রুল ৮(৬)-এর বিধানাবলির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ অধীনে স্থাবর পরিসম্পৎ বিক্রয়ের জন্য ই-অকশন সেল নোটিস।

এতদ্দ্বারা জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) ও গ্যারেন্টর(গণ)-কে নোটিস দেওয়া হইতেছে যে, নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি (জ্ঞাত দায়: নাই) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর নিকট রেহানাবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর অনুমোদিত অফিসার কর্তৃক উহার কনস্ট্রাক্টিভ (বাস্তবিক দখল লওয়ার প্রক্রিয়া চলিতেছে)/বাস্তবিক* দখল লওয়া হইয়াছে এবং উহা "যেখানে যে অবস্থায় আছে", "যেখানে যাহা কিছু আছে" এবং "যেখানে যেরূপ প্রকার আছে" ভিত্তিতে বিক্রয় করা হইবে।

অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা ও গ্যারেন্টরের নাম	সম্পত্তির বিবরণ (ফ্ল্যাট/শপ/জমি/বিল্ডিং ইত্যাদি)	১৩(২) নোটিসের তারিখ / বকেয়ার পরিমাণ / ১৩(৪) নোটিসের তারিখ	সংরক্ষিত মূল্য / ইএমডি পরিমাণ / ডাক বৃদ্ধির পরিমাণ
মেঃ তিজিয়া ইঞ্জিঃ প্রাঃ লিঃ কলকাতা মেন অফিস	সম্পত্তির মালিক:- বাবুলাল পোদ্দার পিতা নিবাস পোদ্দার। নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ: জমি আয়তন ৭ (সাত) বিঘা ১৪ (চোদ্দ) কাঠা ১ (এক) ছটাক ৩০ (ত্রিশ) বঃফুঃ দীর্ঘ তৎসহ ৩০ (ত্রিশ) ফুট চওড়া কমন রাস্তার অংশ যাহা পূর্ব দিকে পড়িয়া আছে, আয়তন ০৬ (ছয়) কাঠা জমি মোট ১১৫৫৭৫ বঃফুঃ, নিম্নোক্তের অনুরূপ: সি.এস. এবং আর.এস. দাগ নং ১৪৪১, সি.এস. এবং আর.এস. খতিয়ান নং ৪৩০ অধীন, মৌজা- রামনগর, জে.এল. নং ৮৪, রেভেনিউ সার্ভে নং ৯৮৫, তৌজি নং ৩২, পরগনা- সিঙ্গুর, সাব রেজিস্ট্রার অফিস- শ্রীরামপুর, থানা- সিঙ্গুর, জেলা- হুগলি। চৌহদ্দি: উত্তরে: খালি জমি, দক্ষিণে: ১০' চওড়া ওল্ড মেটাল রোড এবং এনএইচ-২, পূর্বে: খালি জমি, পশ্চিমে: খালি জমি।	০১.০৬.২০২০ / টাঃ ১৪.৮০ কোটি / ১৬.১০.২০২০	আরপি: টাঃ ৮৩.০০ লক্ষ / ইএমডি: টাঃ ৮.৩০ লক্ষ / বিআইএ: টাঃ ৫০০০০/-

ই-অকশনের তারিখ: ২৩.০৩.২০২২, সময়: দুপুর ১২টা হইতে বিকাল ৪টা তৎসহ ১০ মিনিটের স্বতঃই সম্প্রসারণ।
বায়না জমা ও কাগজপত্র দাখিলের (অনলাইন) শেষ তারিখ ও সময়: ২১.০৩.২০২২ তারিখের মধ্যে বিকাল ৪.০০টা পর্যন্ত।
ডাকদাতাদের ওয়েবসাইট https://www.mstcecommerce.com-তে রেজিস্টার করিতে হইবে ও কেওয়াইসি কাগজপত্র আপলোন করিতে হইবে এবং সার্ভিস প্রোভাইডার কর্তৃক কেওয়াইসি কাগজপত্র যাচাই হওয়ার পরে বায়না জমা এনইএফটি/আরটিজিএস/ট্রান্সফার মারফত গ্লোবাল ইএমডি ওয়ালেটে জমা দিতে হইবে (https://www.mstcecommerce.com হইতে চালান জেনারেট হইবার পরে)।
নিলাম ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার "https://www.mstcecommerce.com"-এর মাধ্যমে পরিচালিত হইবে।
বিস্তারিত শর্তাবলির জন্য জামিনযুক্ত পাওনাদারের ওয়েবসাইট www.centralbankofindia.co.in অথবা অকশন প্ল্যাটফর্ম {https://mstcecommerce.com}-তে ব্যবস্থিত লিঙ্ক দেখুন। হেল্পলাইন নং ০৩৩-২২৯০১০০৪

সারফেইসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) অধীনে সংবিধিবদ্ধ ১৫ দিনের সেল নোটিস

তারিখ: ০৩.০৩.২০২২
স্থান: কলকাতা

অনুমোদিত অফিসার
সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

Azadi Ka Amrit Mahotsav

০৩৭৬১ দুমকা—রাঁচি এক্সপ্রেস ট্রেনের উদ্বোধনী যাত্রা

উদ্বোধনী স্পেশাল ০৩৭৬১ দুমকা—রাঁচি স্পেশাল ট্রেন দুমকা থেকে ০৩০৩.২০২২ তারিখে (বৃহস্পতিবার) বিকাল ৪টায় ছাড়বে, যেটি ১৩৩১৯-এর পথে চলবে। দুমকা থেকে উদ্বোধনী স্পেশালের (এক দিকে) সময়সূচী এবং স্টপেজ নিম্নরূপ ঃ—

স্টেশন	পৌঁছবে	ছাড়বে	স্টেশন	পৌঁছবে	ছাড়বে
দুমকা ↓	—	১৬.০০	বিদ্যাসাগর ↓	১৮.৫৯	১৯.০০
বাসুকীনাথ	১৬.২৫	১৬.২৬	জামতারা	১৯.১৭	১৯.১৮
ঘোড়মারা	১৬.৪৯	১৬.৫০	চিত্তরঞ্জন	১৯.৩২	১৯.৩৪
দেওঘর	১৭.২০	১৭.২৫	কুমারডুবি	২০.২৫	২০.২৬
জসিডি	১৭.৪৫	১৮.০৫	ধানবাদ	২১.২০	২১.৩০
কুমারাবাদ রোহিণী	১৮.১১	১৮.১২	গোমো	২২.১৫	২২.৪০
			চন্দ্রপুরা	২৩.১৩	২৩.১৫
শঙ্করপুর	১৮.১৭	১৮.১৮	বোকারো স্টিল সিটি	২৩.৫০	২৩.৫৫
মথুরাপুর	১৮.২৬	১৮.২৭	মুরি	০০.৫৩	০০.৫৫
মধুপুর	১৮.৩৮	১৮.৪০	রাঁচি	০১.৩০	—

গঠন ঃ এসি ৩-টিয়ার – ১, ২য় শ্রেণী চেয়ার কার – ২, সাধারণ ২য় শ্রেণী – ১১, এসএলআরডি – ২ নিয়ে মোট ১৬টি কোচ। উদ্বোধনী স্পেশাল ট্রেন ০৩৭৬১ **(দুমকা-রাঁচি)**-এর বুকিং পিআরএস এবং ইন্টারনেটে পাওয়া যাবে। **বৈশিষ্ট্য ঃ** (১) মেল/এক্সপ্রেস ভাড়ার অতিরিক্ত স্পেশাল চার্জ ধার্য হবে। (২) ছাড়প্রাপ্ত বুকিং করা যাবে না। (৩) তৎকাল কোটায় টিকিট কাটা যাবে না। (৪) প্রাপ্তব্য শ্রেণী ঃ ৩এ এবং ২এস।

চিফ কমার্শিয়াল ম্যানেজার/পিএম — চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway Eastern Railway Headquarter

SESSION 2022-23

admissiontree.in

মারিয়া'স ডে স্কুল

হাওড়া, মৌড়িগ্রাম, রামরাজতলা, শিবপুর, সাউথ হাওড়া

(ICSE/ISC)

অ্যাডমিশন চলছে

শুধুমাত্র www.admissiontree.in

একটি ABP উদ্যোগ
To enlist your school, connect through
90735 28655 (Mon - Sat | 10am - 8pm) 62922 18603 admissiontree@abp.in

ad infinitus